

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন অধিদপ্তর
পরিচালকের কার্যালয়
জাতীয় উদ্ভিদ উদ্যান, মিরপুর, ঢাকা।

বিজ্ঞপ্তি

নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা, ট্রেডারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর ২১ মার্চ ২০২৪ তারিখের স্মারক নম্বর ০৭.০০.০০০০.১৪৫.২২.০০৫.২১.৫৬ এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বন অধিশাখা-১ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন (স্মারক নং- ২২.০০.০০০০.০৬৬.৩২.০২৫.১৪.৯২ তারিখ: ২১/০৪/২০২৪) মূলে নির্দেশনা প্রদানের পরিপ্রেক্ষিতে বন অধিদপ্তরের আওতাধীন জাতীয় উদ্ভিদ উদ্যান, মিরপুর, ঢাকা এবং বলধা বাগান, ওয়ারী, ঢাকায় প্রবেশ ফি নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো:-

ক্রঃ নং	আইটেমের বিবরণ	টাকার পরিমাণ
১.	১২ বছরের উর্ধ্বে (প্রতিজন) (প্রবেশ ফি)	১০০/- (একশত) টাকা।
২.	১২ বছরের নিচে (প্রতিজন) (প্রবেশ ফি)	৫০/- (পঞ্চাশ) টাকা।
৩.	শিক্ষা প্রতিষ্ঠান হইতে আগত শিক্ষার্থী গ্রুপ ১০০ জন পর্যন্ত (প্রবেশ ফি)	১০০০/- (এক হাজার) টাকা।
৪.	শিক্ষা প্রতিষ্ঠান হইতে আগত শিক্ষার্থী গ্রুপ ১০০ জন এর উর্ধ্বে (প্রবেশ ফি)	১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা।
৫.	বিদেশী পর্যটক (প্রতিজন) (প্রবেশ ফি)	১০০০/- (এক হাজার) টাকা বা এর সমমূল্যের ইউএস ডলার।
৬.	স্বাস্থ্যসেবা গ্রহণকারী প্রাতঃভ্রমণ বাৎসরিক প্রবেশ কার্ড ফি (নভেম্বর হতে মার্চ) সকাল (৬.৩০ টা ৭.৩০টা) এবং (এপ্রিল হতে অক্টোবর) সকাল (৬ টা - ৭ টা পর্যন্ত)	৫০০/- (পাঁচশত) টাকা।

বিশেষ দৃষ্টব্য:-

- (১) জাতীয় উদ্ভিদ উদ্যান, মিরপুর, ঢাকা এবং বলধা বাগান, ওয়ারী, ঢাকায় ০৪/০৭/২০২৪ খ্রি. থেকে এই আদেশ কার্যকর হবে।
- (২) জাতীয় উদ্ভিদ উদ্যান, মিরপুর, ঢাকায় স্বাস্থ্যসেবা গ্রহণকারী ও প্রাতঃভ্রমণকারীগণ ইজারাদারের নিকট উল্লিখিত ফি প্রদান করতঃ আইডি কার্ড প্রাপ্তির জন্য পরিচালক, জাতীয় উদ্ভিদ উদ্যান বরাবর আবেদন করবেন এবং পরিচালকের স্বাক্ষর সম্বলিত আইডি কার্ড প্রস্তুত করতঃ ইজারাদার তাদেরকে সরবরাহ করবেন।
- (৩) বলধা বাগান, ওয়ারী, ঢাকায় স্বাস্থ্যসেবা গ্রহণকারী ও প্রাতঃভ্রমণকারীগণ কিউরেটর এর নিকট উল্লিখিত ফি প্রদান করতঃ আইডি কার্ড প্রাপ্তির জন্য পরিচালক, জাতীয় উদ্ভিদ উদ্যান বরাবর আবেদন করবেন এবং পরিচালকের স্বাক্ষর সম্বলিত আইডি কার্ড প্রস্তুত করতঃ কিউরেটর তাদেরকে সরবরাহ করবেন।


০৭/০৭/২০২৪
(শওকত ইমরান আরাফাত)

পরিচালক (চ. দা.)
জাতীয় উদ্ভিদ উদ্যান, মিরপুর, ঢাকা।